



দক্ষিণ লেবাননে সংঘর্ষে ইসরায়েলি ৪ সেনা নিহত



ইসরায়েলি ৪ সেনা নিহত। ছবি: সংগৃহীত

লেবাননের দক্ষিণাঞ্চলে হিজবুল্লাহর সঙ্গে চলমান সংঘর্ষে ইসরায়েলের আরও চার সেনা নিহত হয়েছে বলে জানা গেছে। একই ঘটনায় দুই সেনা আহত হয়েছেন। বিষয়টি আল জাজিরার প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

ইসরায়েলি সেনাবাহিনী সোমবার নিশ্চিত করেছে, ওই এলাকায় সাম্প্রতিক লড়াইয়ে তাদের চার সদস্য প্রাণ হারিয়েছে।

পরে মঙ্গলবার নিহতদের মধ্যে তিনজনের পরিচয় প্রকাশ করা হয়। তারা হলেন ক্যাপ্টেন নোয়াম মাদমোনি (২২), স্টাফ সার্জেন্ট বেন কোহেন (২১) এবং স্টাফ সার্জেন্ট মাক্সিম এনতিস (২১)। সামরিক বিধিনিষেধের কারণে চতুর্থ সেনার নাম প্রকাশ করা হয়নি।

সেনাবাহিনীর তথ্য অনুযায়ী, তারা সবাই নাহাল ব্রিগেডের গোয়েন্দা ইউনিটে কর্মরত ছিলেন। আহতদের মধ্যে একজনের অবস্থা গুরুতর বলে জানানো হয়েছে। একই ঘটনায় আরও এক রিজার্ভ সেনাও আহত হয়েছেন।

অন্যদিকে লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, সংঘাত শুরু হওয়ার পর থেকে ইসরায়েলি হামলায় দেশটিতে ১,২০০-এর বেশি মানুষের মৃত্যু হয়েছে। বাস্তুচ্যুত হয়েছে ১০ লাখেরও বেশি মানুষ।